গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
সুনামগঞ্জ।
ই-মেইলঃ dco_sunamgonj@yahoo.com

স্মারক নং- ৪৭.৬১.৯০০০.০০০.৩৬.১৬০.১৫.২১৫৫ তারিখঃ ২৫.১১.২০২৫

বিষয় : সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নের স্বার্থে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীকে সহায়তার জন্য সেনা সহায়তা প্রদান প্রসঙ্গে।

সুত্র : উপজেলা মৎস্য কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ এর স্মারক নং-৩৩.০২.৯০৪৭.৫০১.০৩৬.০০১.২৫.১০৮. তারিখ : ২৪.১১.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানাচ্ছি যে, বিষয়ে উল্লেখিত এ জেলার জগন্নাথপুর উপজেলার রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর বিগত ১১ অক্টোবর ২০২৫ তারিখের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের সময় গোলযোগের কারনে তা সম্পন্ন হয়নি। পরবর্তীতে স্থানীয় প্রশাসন ও সমবায় কর্তৃপক্ষের সাথে সমিতি কর্তৃপক্ষের আলোচনার প্রেক্ষিতে উপজেলা মৎস্য কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ-কে সভাপতি করে ০৩(তিন) সদস্যবিশিষ্ট একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হয়। উক্ত কমিটির সিদ্ধান্তের আলোকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে জগন্নাথপুর উপজেলার কামড়াখাই জয়নগর দাখিল মাদ্রাসায় বিরতীহীনভাবে সকাল ১০.০০ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে।
উক্ত নির্বাচনে ভোটার সংখ্যা ৯৮২জন, নির্বাচনযোগ্য পদ ১২টি এবং প্রার্থী সংখ্যা ২৮ জন। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীকে সহায়তা করার লক্ষ্যে সেনা সহায়তা প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি : ০১(এক) পাতা।

কমান্ডিং অফিসার
সেনা ক্যাম্প, সুনামগঞ্জ জেলা

২৫/১১/২৫
চন্দন দত্ত
জেলা সমবায় অফিসার
সুনামগঞ্জ।
ফোনঃ ০২৯৯৬৬০০৮৫৫

বিতরন :
অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:-
০১) উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

স্মারক নং: ৩৩.০২.৯০৪৭.৫০১.০৩৬.০০১.২৫.১০৮ তারিখ: ২৪/১১/২০২৫ খ্রিঃ।

বিষয়: রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর ২৯/১১/২০২৫ খ্রি. তারিখের নির্বাচন পরিচালনার জন্য সার্বিক সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জগন্নাথপুর উপজেলাধীন রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর ব্যবস্থাপনা কমিটির স্থগিত নির্বাচন আগামী ২৯/১১/২০২৫ খ্রি. তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে কামড়াখাই জয়নগর দাখিল মাদ্রাসায় অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক সহায়তা প্রয়োজন।

এমতাবস্থায়, রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর ২৯/১১/২০২৫ খ্রি. তারিখের নির্বাচন পরিচালনার জন্য সার্বিক সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

২৪/১১/২০২৫
(মোঃ আল-আমীন)
সভাপতি
অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি
রৌয়াইল হিলালপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি.।
ও
উপজেলা মৎস্য অফিসার,
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
মোবা-০১৭৭৯-৪৪৫৯৯৫

প্রতি,
জেলা সমবায় অফিসার
সুনামগঞ্জ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ:
১। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২। উপজেলা সমবায় অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩। অফিস কপি।